

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয়: দুগ্ধ ভবন

১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং-মিই/প্রশা-৩৫৭/২০১৫/৪১৩০

তারিখ: ০১/০৪/২০১৯ খ্রি:

সংশোধিত দপ্তর আদেশ

গত ০৯ মার্চ, ২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটির সভায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-পউবি/প্র: শাখা-৬/মিভি-৫০/০৪/২২২(২) তারিখ: ১৪/০৮/২০০৪ এর নির্দেশনা; (২) সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৬১ তম বৈঠকের সিদ্ধান্ত; (৩) সমবায় আইন, ২০০১ এর ১৬ ধারা এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে ২৬ নভেম্বর, ২০১৬ তারিখের মিক্স ইউনিয়নের বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী বিগত ২৪/১২/২০১৮ খ্রি: তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নরূপে সংশোধনক্রমে অনুমোদিত ও গৃহীত হয়:

- ক) মিক্স ইউনিয়নের কর্মকর্তা-কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত জাতীয় বেতন স্কেল-২০১৫ এর সাথে ৪০% ও ২০% বর্ধিত হারে প্রদত্ত অতিরিক্ত বেতন ভাতাদির চূড়ান্ত অনুমোদন প্রদান করা হল।
- খ) জাতীয় বেতন স্কেল ২০১৫ ঘোষণা হওয়ার পর মিক্স ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মিক্স ইউনিয়নের স্বতন্ত্র বেতন স্কেল (৪০% ও ২০% বর্ধিত হারে) অনুমোদন করা হয়, যা জানুয়ারি-২০১৬ হতে মিক্স ইউনিয়নের কার্যকর করা হয়। মিক্স ইউনিয়নের উক্ত বেতন স্কেল অনুযায়ী বর্তমানে কর্মরত এবং অবসর গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীগণকে ইতোমধ্যে প্রদত্ত/পরিশোধিত বেতন ভাতাদি ও অন্যান্য সুযোগ সুবিধাদি কর্তন করা হবে না এবং উহা চূড়ান্ত পরিশোধ হিসাবে গণ্য হবে।
- গ) মিক্স ইউনিয়নের প্রেষনে নিয়োজিত সরকারী কর্মকর্তাগণও উল্লিখিত সুবিধাদি যথারীতি প্রাপ্য।
- ঘ) মিক্স ইউনিয়ন একটি সংবিধিবদ্ধ জাতীয় সমবায় প্রতিষ্ঠান হিসেবে অত্র প্রতিষ্ঠানের অবসর গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের চূড়ান্ত পাওনাদি ও অন্যান্য ভাতাদি পরিশোধের বিষয়ে ৩০ শে জুন ২০১৫ এর পরে অবসর গ্রহণকারী (১লা জুলাই ২০১৫ হতে কার্যকর) কর্মকর্তা-কর্মচারীদের জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী প্রাপ্য চূড়ান্ত পাওনাদি ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।
- ঙ) একইসঙ্গে ইতোপূর্বে এতদসংক্রান্ত চূড়ান্ত পাওনাদি পরিশোধের বিষয়ে যে সকল দপ্তর আদেশ জারি করা হয়েছিল উক্ত দপ্তর আদেশগুলি বাতিল বলে গণ্য হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


০১/০৪/১৯

মোঃ শামছুল আলম

(উপ-সচিব)

মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি)

মিক্স ইউনিয়ন।

১৯

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি/পরিকল্পনা, কারিগরি ও বিপণন-অ:দা:);
২. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) -----
৩. উপ-মহাব্যবস্থাপক (সকল) -----
৪. ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) -----
৫. চেয়ারম্যান, মিক্স ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা;
৬. ব্যবস্থাপনা পরিচালক, মিক্স ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা;
৭. অফিস নথি।